

মাননীয়,

জিলা প্রশাসক ,ফেনী

জেলা-ফেনী।

মোঃ পাপন, পিং-মৃত জয়নাল আবেদীন, সাং-পাঠাননগর, থানা-ছাগলনাইয়া, জেলা-ফেনী।

নিম্ন তপছিল বর্নিত ভূমি বল্দোবস্তু পাওয়ার প্রার্থনা।

নিবেদন এই,

নিম্ন তফছিলে বর্নিত ভূমি ফেনী জিলার পাঠাননগর থানার পাঠাননগর মৌজার তৎকালীন ভূলুয়া প্ররগনার জমিদার বাবু অরুন চন্দ্র সিংহ বাহাদুরের জমিদারীর অর্ণগত সাবেক ১১৫২ দাগের ভূমি হয়। উক্ত ভূমি জমিদারী উচ্চেদ ও প্রজাস্বত্ব বিষয়ক আইনের পর উক্ত ভূমি এক সময় সি,এস নকশায় সুরু রাস্তা থাকিলেও তাহা পরবর্তীতে রাস্তার কোন অস্তিত্ব নাই। উক্ত ভূমির পূর্ব পার্শ্বে ছোট ফেনী নদী থাকায় প্রি নদী ভরাট হইয়া গিয়াছে এবং প্রি ভরাটি ভূমি পার্শ্ববর্তী ব্যক্তিদের দখলে আছে এবং রাস্তার ও অস্তিত্ব নাই, তাহা নাল ভিটি জমিতে পরিণত হইয়া গিয়াছে। উক্ত ভূমি দরখাস্তকারীদের বসতবাড়ীর কাছে হওয়ায় তাহার মৌরশেরা ভোগ দখল করিয়া আসিতে থাকায় বর্তমানে দরখাস্তকারী দখল করিয়া আসিতেছে। এস,এ জরিপে ও বি,এস জরিপে প্রি ১১৫২ দাগের কতেক ভূমি কতেক ব্যক্তি বিশেষের নামে হাল থতিয়ানে রেকর্ড হইয়া গিয়াছে। কিন্তু মৌরশ পরিক্রমায় দরখাস্তকারীর প্রি মৌরশী দখলীয় নিম্ন তপছিল বর্নিত ২৪ডিং ভূমি তাহার দখলে আছে। দরখাস্তকারীর প্রি ভূমি বর্তমান বি,এস জরিপে ফেনী জিলা প্রশাসকের নামে থাষ থতিয়ানে রেকর্ড হইয়াছে। তজ্জন্যে দরখাস্তকারী প্রি ভূমিতে মৌরশাভাবে দখলে থাকায় বল্দোবস্তু পাওয়ার অধিকারী ও হকদার বটে। দরখাস্তকারীর অপর কোন বসত ভিটি চাষী ভূমি নাই।

অতএব, দরখাস্তকারী বিজীতভাবে প্রার্থনা করেন যে, নিম্ন বর্নিত ২৪ ডিং থাস ভূমি দরখাস্তকারীর দখলে থাকায় দরখাস্তকারীকে বল্দোবস্তু দানে বাধিত করার মর্জি হয়।

তফছিল ভূমি

জিলা-ফেনী, থানা-ছাগলনাইয়া, মৌজে-বারাহিগোবিন্দ মধ্যে ১নং থাস থতিয়ানে সাবেক ১১৫২দাগ

হাল বি,এস ৫৭০৮ দাগ ----- ২১ ডিং

হাল বি,এস ৫৭৪০দাগ ----- ০২ ডিং

হাল বি,এস ৫৭১৩ দাগ ----- ০১ ডিং

মোট----- ২৪ ডিং ভূমি

বল্দোবস্তু প্রার্থীত হয়।

ইতি তাৎ-